Department of Social Services
Human Resources Administration
Department of Homeless Services
Office of Child Support Services

# NYC শিশু সহায়তা পরিষেবার অফিস
# প্যারেন্ট সাকসেস প্রোগ্রাম (Parent Success Program): মাদক চিকিৎসা
## প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQs)

নিউ ইয়র্ক সিটি সামাজিক পরিষেবা বিভাগ (New York City Department of Social Services, NYC DSS) এর কাছে স্থায়ীভাবে বরাদ্দকৃত শিশু সহায়তা ঋণ থাকা অভিভাবকদের জন্য, NYC শিশু সহায়তা পরিষেবার অফিস (Office of Child Support Services, OCSS) প্যারেন্ট সাকসেস প্রোগ্রাম আপনাকে একটি অনুমোদিত মাদক চিকিৎসা বা কর্মসংস্থান পরিষেবা প্রোগ্রাম সম্পূর্ণ করার মাধ্যমে $7,500 পর্যন্ত সেই ঋণ কমাতে সাহায্য করতে পারে।

কেন আমরা এই প্রোগ্রাম অফার করছি? OCSS বোঝে যে অত্যধিক ঋণের পরিমাণ পিতামাতার জন্য তাদের জীবনযাত্রা উন্নত করা এবং তাদের সন্তানদের সহায়তা করা আরও কঠিন করে তোলে।

একটি যোগ্য DSS কর্মসংস্থান প্রোগ্রামে অংশগ্রহণ করে কীভাবে NYC DSS ঋণ কমানো যায় সে সম্পর্কে তথ্যের জন্য, অনুগ্রহ করে **"প্যারেন্ট সাকসেস প্রোগ্রাম: এমপ্লয়মেন্ট FAQs"** ফ্লায়ারটি দেখুন।

**আমার স্থায়ীভাবে বরাদ্দকৃত শিশু সহায়তা ঋণ আছে কিনা তা আমি কীভাবে খুঁজে পাব?**
প্যারেন্ট সাকসেস প্রোগ্রাম NYC DSS-এর কাছে বকেয়া থাকা স্থায়ীভাবে বরাদ্দকৃত ঋণ কমিয়ে দিতে পারে, যেটি ঘটে যখন আপনার সন্তান নগদ সহায়তার সুবিধা গ্রহণ করেছে কিন্তু শিশু সহায়তা সম্পূর্ণ পরিশোধ করা হয়নি। NYC সামাজিক পরিষেবা বিভাগের (Department of Social Services) কাছে আপনার কোনও বকেয়া ঋণ আছে কিনা জানার জন্য:

- HRA শিশু সহায়তা পরিষেবা অফিস (OCSS), কাস্টমার সার্ভিস ওয়াক-ইন সেন্টারে যান, একটি ভার্চুয়াল মিটিং শিডিউল করুন অথবা পারিবারিক আদালতে কোনো OCSS অফিসে যান। কোনো শিশু সহায়তা কেস কর্মীর কাছে আপনার কেস পর্যালোচনা করার অনুরোধ করুন। আরো তথ্যের জন্য https://on.nyc.gov/contactocss দেখুন; অথবা

- আপনার মাদক চিকিৎসা প্রদানকারীকে তাদের কাছে শিশু সহায়তা স্ন্যাপশট (Child Support Snapshot) আছে কিনা জিজ্ঞাসা করুন। যদি তাদের কাছে থাকে তাহলে আপনি আপনার শিশু সাহয়তা কেস দেখার জন্য তাদেরকে অনুমতি দিতে পারেন। DSS-এর কাছে আপনার কোনও ঋণ বকেয়া আছে কিনা এবং আপনার কত পরিমাণ বকেয়া আছে তা তারা বলতে পারবেন। অন্য কাউন্টি অথবা স্টেটের কাছে বকেয়া DSS ঋণ এই কর্মসূচির অন্তর্ভুক্ত নয়।

**আমাকে কী করতে হবে?**
এই তিনটি (3) সরল ধাপ অনুসরণ করুন:

1. আপনার মাদক চিকিৎসা প্রোগ্রাম সম্পূর্ণ করুন। আপনার প্রোগ্রামটি যেন অবশ্যই নিউ ইয়র্ক স্টেটের অ্যালকোহলিজম এবং নেশার দ্রব্য ব্যবহার পরিষেবা অফিস (New York State Office of Alcoholism and Substance Abuse Services, OASAS) দ্বারা স্বীকৃত হয়। যদি আপনি একজন আউটপেশেন্ট অথবা আবাসিক চিকিৎসা কর্মসূচির অধীনে থাকেন তাহলে আপনি যোগ্য হতে পারেন। আউটপেশেন্ট প্রোগ্রামটি অবশ্যই NYC মানবসম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA) দ্বারা অনুমোদিত হতে হবে। আপনাকে অবশ্যই 90 দিনের জন্য সমস্ত প্রোগ্রামের প্রয়োজনীয়তা পূরণ করতে হবে। ক্ষতি হ্রাসকরণ প্রোগ্রাম এবং মেথাডন চিকিৎসা প্রোগ্রামগুলি যোগ্য নয়।
2. আপনার মাদক চিকিৎসা প্রদানকারীর থেকে একটি শংসাপত্র অথবা পত্র সংগ্রহ করুন যাতে আপনি আপনার প্রোগ্রামটি সম্পূর্ণ করেছেন এবং আপনি যে তারিখে প্রোগ্রামটি সম্পন্ন করেছেন তা উল্লেখিত থাকবে। আপনাকে একটি ফর্ম স্বাক্ষর করার অনুরোধ করা হবে যাতে আমাদের আরও তথ্যের প্রয়োজন হলে আপনার মাদক চিকিৎসা প্রদানকারীকে কল কলার জন্য NYC DSS/HRA অনুমতি থাকবে।
3. আপনার নথিগুলি OCSS-এ ডাকযোগে বা ইমেলের মাধ্যমে পাঠান বা সশরীরে নিয়ে আসুন।

**আমি মাদক চিকিৎসা সম্পূর্ণ করেছি, তার প্রমাণ আমি কীভাবে পাঠাবো?**
আপনি 3টি উপায়ে নথি পাঠাতে পারেন: ডাকযোগে, ইমেল করে, অথবা সশরীরে নথি আনতে পারেন। আপনি যদি কোনো চিঠি ডাকযোগে পাঠান বা ইমেল করেন, তাহলে আপনি প্যারেন্ট সাকসেস প্রোগ্রামে নথিভুক্ত হতে চান লিখতে ভুলবেন না যেন। এটা গুরুত্বপূর্ণ আপনার পুরো নাম, শিশু সহায়তা কেস আইডি এবং জন্ম তারিখ অন্তর্ভুক্ত করা।

( পৃষ্ঠা উল্টান )

| | | |
|---|---|---|
| **ডাকযোগে:** | **প্যারেন্ট সাকসেস প্রোগ্রাম**<br>**(Parent Success Program)**<br>NYC Office of Child Support Services<br>P.O. Box 830, Canal Street Station<br>New York, NY 10013 | **ইমেলে:**<br>ParentSuccess@dfa.state.ny.us |
| **সশরীরে এসে:** | **OCSS CUSTOMER SERVICE WALK-IN CENTER**<br>151 West Broadway, 4th Floor<br>New York, NY 10013<br>**BRONX FAMILY COURT**<br>900 Sheridan Avenue, LM Floor<br>Bronx, NY 10451<br>**BROOKLYN FAMILY COURT**<br>330 Jay Street, 12th Floor<br>Brooklyn, NY 11201 | **MANHATTAN FAMILY COURT**<br>60 Lafayette Street, 1st Floor<br>New York, NY 10013<br>**QUEENS FAMILY COURT**<br>151-20 Jamaica Avenue, 4th Floor<br>Jamaica, NY 11432<br>**STATEN ISLAND FAMILY COURT**<br>18 Richmond Terrace<br>Staten Island, NY 10301 |

**আমার মাদক চিকিৎসা সম্পূর্ণ করার কত দিনের মধ্যে আমাকে আমার প্রমাণ প্রদান করতে হবে?**
আপনার চিকিৎসা সম্পূর্ণ করার পর যে কোনও সময় আপনি এটি পাঠাতে পারেন। আপনার চিকিৎসাটি শেষ করার তারিখটি অবশ্যই 1 ডিসেম্বর, 2024 তারিখে বা তার পরে হতে হবে।

**আপনাকে আমার প্রমাণ দেওয়ার পর আমার শিশু সহায়তা ঋণ কম হতে কত দিন সময় লাগবে?**
এটির জন্য আট (8) সপ্তাহ সময় লাগতে পারে। OCSS আপনার নথিগুলি পাওয়ার পরে আমরা দেখব যে আপনার NYC DSS-এর কাছে বকেয়া ঋণ আছে কিনা। আপনি আপনার চিকিৎসা প্রোগ্রামটি সম্পূর্ণ করেছেন কিনা দেখার জন্য আমরা আপনার মাদক চিকিৎসা প্রদানকারীকে কল করতে পারি। আপনি যোগ্য বলে আমরা জানতে পারলে, আপনার NYC DSS ঋণ কমানোর পরিমাণটি উল্লেখ করে একটি বিজ্ঞপ্তি ডাকযোগে আপনাকে পাঠিয়ে দেব। যদি আপনি যোগ্য না হন তাহলে তার উল্লেখ সহ আপনাকে একটি বিজ্ঞপ্তি ডাকযোগে পাঠিয়ে দেব।

**আমি মাদক চিকিৎসা করানোর সময় আমার শিশু সহায়তা না প্রদান করার জন্য আমার বিরুদ্ধে কি বলবৎকরণ ব্যবস্থা নেওয়া যেতে পারে?**
হ্যাঁ। সমস্ত প্রযোজ্য বলবৎকরণ ব্যবস্থা চালু থাকবে।

**আমি কীভাবে সম্পূর্ণ $7,500 হ্রাসের জন্য যোগ্যতা অর্জন করব? এটা পাওয়ার জন্য আমার কি $7,500 বা তার বেশি বকেয়া থাকতে হবে?**
আপনার যদি DSS ঋণ $7,500 বা তার বেশি বকেয়া থাকে, তাহলে আপনি তা $7,500 কমানোর যোগ্যতা অর্জন করতে পারেন। আপনি আপনার চিকিৎসা সম্পূর্ণ করেছেন এমন উল্লেখ সহ আপনার মাদক চিকিৎসা প্রদানকারীর কাছ থেকে একটি শংসাপত্র অথবা পত্র আপনাকে অবশ্যই পাঠাতে হবে। না, আপনার কমপক্ষে $7,500 বকেয়া থাকতে হবে না। OCSS $7,500 পর্যন্ত যেকোনো পরিমাণ হ্রাস করবে।

**আমি কি একবারের চেয়ে বেশি সময়ের জন্য প্যারেন্ট সাকসেস প্রোগ্রামে নথিভুক্ত হতে পারি?**
হ্যাঁ, আপনি একাধিকবার নথিভুক্ত হতে পারেন। যদি আপনি দ্বিতীয় মাদক চিকিৎসা প্রোগ্রাম সম্পূর্ণ করেন এবং আরও বেশি DSS ঋণ বকেয়া থাকে তাহলে আপনি আরও একটি হ্রাসকরণের জন্য যোগ্য হতে পারেন। যদিও, একটি মাদক চিকিৎসা সম্পূর্ণ করার জন্য হ্রাসযোগ্য সর্বাধিক ঋণের পরিমাণ হলো $7,500।

**যদি আমি শিশু সহায়তা প্রদান করি, তাহলে আমি কি পরিদর্শন করতে পারি?**
নিউ ইয়র্ক সিটিতে, শিশু সহায়তা আদেশ এবং পরিদর্শনের অধিকারের ওপর দুটি ভিন্ন আদালত সিদ্ধান্ত নেয়। আপনার সন্তানের সাথে দেখা করার অধিকার সম্পর্কে আপনার তথ্য বা সাহায্যের প্রয়োজন হলে (212) 343-1122 নম্বরে ফ্যামিলি লিগ্যাল কেয়ারে (Family Legal Care) কল করুন অথবা familylegalcare.org/helpline দেখুন।

**আমার অতিরিক্ত প্রশ্ন আছে। আমাকে কী করতে হবে?**
আপনার DSS কর্মসংস্থান প্রোগ্রামকে OCSS "প্যারেন্ট সাকসেস প্রোগ্রাম" সম্পর্কে জিজ্ঞাসা করুন বা ইমেল করে, সশরীরে এসে বা ডাকযোগে OCSS-এর সাথে যোগাযোগ করুন। আরো তথ্যের জন্য https://on.nyc.gov/contactocss দেখুন।

**আপনার কি কোনো শারীরিক অক্ষমতা বা মানসিক সমস্যা আছে?** এই সমস্যার কারণে এই বিজ্ঞপ্তি বুঝতে অথবা এই বিজ্ঞপ্তিতে যা করতে বলা আছে তা করতে কি আপনার অসুবিধা হচ্ছে? এই অবস্থার কারণে কি মানবসম্পদ প্রশাসন (Human Resources Administration, HRA) -এর অন্যান্য পরিষেবাগুলি পেতে আপনার সমস্যা হচ্ছে? **আমরা আপনাকে সাহায্য করতে পারি।** আমাদের **718-557-1399** নম্বরে ফোন করুন। আপনি যখন HRA অফিসে যান, তখনও সাহায্য চাইতে পারেন। আইন অনুযায়ী এই ধরনের সহায়তা চাওয়ার অধিকার আপনার আছে।